



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.২০১৮(অংশ-২)/৩৩৪

তারিখ : ১৯/০৯/২০২১ খ্রি.

বিষয়: ‘কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম’ এর আওতায় আয়রন ফিলিক এসিড (IFA) ট্যাবলেট সংগ্রহ ও বিতরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশে কিশোর-কিশোরীদের পুষ্টি কার্যক্রম নিশ্চিত করতে Adolescent Nutrition Training অ্যাবস এর মাধ্যমে প্রায় লক্ষাধিক শিক্ষক-কর্মকর্তাগণকে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যাতে বিদ্যালয় পর্যায়ে পুষ্টি কার্যক্রমটি সঠিকভাবে পরিচালনা করা যায়। স্বাস্থ্য অধিদপ্তরের সহযোগিতায় (স্মারক নং: আইপি-এইচএন/এনএনএস/১৪৯/২০২১/৩০, তারিখ: ১২/০১/২০২১) কৈশোরকালীন পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের মেয়ে শিক্ষার্থীদের আয়রণ ফিলিক এসিড ট্যাবলেট প্রতি সপ্তাহে ১টি করে খাওয়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ তাঁর নিজ নিজ উপজেলা/থানার প্রত্যেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলের মেয়ে শিক্ষার্থীদের তালিকা সংগ্রহ করে ২৮/০৯/২০২১ তারিখের মধ্যে জেলা শিক্ষা কর্মকর্তাগণকে তালিকা প্রেরণ করবেন। সে চাহিদা মোতাবেক আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা সিভিল সার্জন মহোদয়ের কার্যালয় থেকে জেলা শিক্ষা কর্মকর্তাগণ আয়রন ফিলিক এসিড (IFA) ট্যাবলেট সংগ্রহ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের প্রস্তুতকৃত তালিকা অনুসারে বিতরণ করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ দুটি স্কুল পর্যায়ে প্রধান শিক্ষকগণের কাছে IFA বিতরণ করবেন। (প্রধান শিক্ষকগণ পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত IFA ট্যাবলেট সংরক্ষণ করবেন)। উক্ত কার্যক্রমসমূহ আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) তদারকি করবেন এবং ০৮/১০/২০২১ তারিখে আঞ্চলিক পরিচালক মহোদয়কে IFA ট্যাবলেট সংগ্রহ ও বিতরণ সম্পর্কে লিখিত তথ্য প্রদান করবেন।

উল্লেখ্য, গত ২৫/০১/২০২১ তারিখে ৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.২০১৮(অংশ-২)/৩৮ স্মারকে আয়রণ ফিলিক এসিড সংগ্রহের নির্দেশনা প্রদান করা হয়েছিল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরবর্তী নির্দেশনা অনুযায়ী আয়রণ ফিলিক এসিড (IFA) ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম শুরু করা হবে।

“বিষয়টি অতীব জরুরি।”

*Hamidur Rahman*  
প্রফেসর ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক

মহাপরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল  
উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল  
জেলা শিক্ষা অফিসার (সকল)  
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)  
প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা ই'ল (জেষ্ট্যাতার ক্রমানুসারে নয়)।

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/প্রশিক্ষণ/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। লাইন ডি঱েষ্টের, জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৬। মহাপরিচালকের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,  
বাংলাদেশ, ঢাকা।
- ০৭। অফিস কপি।